# এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ব্যবসায় উদ্যোগ

বিষয় কোড: | ১ | ৪ | ৩ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** ▶ যত্রতত্র পড়ে থাকা প্লাস্টিকের দ্রব্য পরিবেশকে দূষিত করছে। মি. পিয়াল এগুলো প্রসেসিং-এর মাধ্যমে নতুন প্লাস্টিক দ্রব্য উৎপাদনের চিন্তা করে যশোরের শংকরপুর এলাকায় মহাসড়কের পাশে 'জাবেদা এন্টারপ্রাইজ' নামে একটি প্লাস্টিক দ্রব্য প্রসেসিং কারখানা স্থাপন করেন। বর্তমানে কারখানায় মাসিক বেতনে ৫ জন এবং অস্থায়িভাবে ৫ জন কর্মচারী কাজ করছে।

ক. কোনো কাজের কর্ম প্রচেষ্টাকে কী বলা হয়? ১

খ. ব্যবসায় উদ্যোগ বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. মি. পিয়ালের প্লাস্টিক দ্রব্য প্রসেসিং কারখানা স্থাপনের চিন্তা কোন ধরনের কাজ? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'মি. পিয়ালের পদক্ষেপ সামাজিক দায়বদ্ধতা গ্রহণ ও সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে'—উক্তিটি মূল্যায়ন করো। ৪

**২.** ▶ বিবিএ পড়ুয়া শাহীন প্রযুক্তি মেলা থেকে একটি বিশ্বখ্যাত কোম্পানির ল্যাপটপ ক্রয় করলেন। তিনি ল্যাপটপটি নিয়ে বিশ্ববিদ্যালয়ে ক্লাস করতে গেলে ল্যাপটপটির ওপর অর্ধ খাওয়ার মতো একটি আপেলের ছবি দেখেই সকলে বুঝতে পারলেন এটি অ্যাপল কোম্পানির ল্যাপটপ। শাহীন এবং তার বন্ধুরা জানতে পারলো ছবিটি রেজিস্ট্রেশন করা থাকায় অ্যাপল কোম্পানি এ ধরনের একক প্রতীক ব্যবহারের সুবিধা পেয়েছে।

ক. পেটেন্ট কোন ধরনের সম্পদ? ১

খ. ব্যবসায়ের জন্য বিমা কেন প্রয়োজন? ব্যাখ্যা করো। ২

গ. ল্যাপটপের উপরের অর্ধ খাওয়া আপেলের ছবিটি কী নির্দেশ করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. অ্যাপেল কোম্পানির জন্য আপেলের ছবিটি রেজিস্ট্রেশন করা কতটা যৌক্তিক বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

**৩.** ▶ শাহীন শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ একটি সংস্থার আয়োজিত উদ্যোক্তা চিহ্নিতকরণ প্রতিযোগিতায় অংশগ্রহণ করলেন। সৃজনশীলতা এবং উদ্যোক্তাসুলভ গুণাবলির কারণে তিনি নির্বাচিত হলেন। সংস্থাটি তাকে শিল্পোদ্যোগ উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করলো ও প্রয়োজনীয় শিল্প ঋণ প্রাপ্তিতে তাকে সহায়তা করলো। তিনি সংস্থাটির সহায়তায় শিল্প নগরীতে একটি চানাচুর তৈরির কারখানা স্থাপন করলেন। সংস্থাটির পরামর্শ ও সহায়তা এবং তার কঠোর পরিশ্রমে অল্পদিনেই চানাচুর তৈরির কারখানায় সফলতা নিশ্চিত করলেন।

ক. ২০১২ সাল পর্যন্ত বাংলাদেশে বিসিকের কতটি শিল্প নগরী কার্যালয় স্থাপিত ছিল? ১

খ. বিসিক সম্পর্কে ব্যাখ্যা করো। ২

গ. শাহীনের কারখানা স্থাপনে কোন সংস্থা সহায়তা প্রদান করেছে তা ব্যাখ্যা করো। ৩

http://teachingbd.com

ঘ. শাহীনের চানাচুর তৈরির কারখানা সফলতা লাভে সংস্থাটির ভূমিকা কতটা অপরিহার্য বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

৪.▶ মি. মাহবুব বেকার ঘুরে বেড়াচ্ছিলেন। তার বন্ধু রেজার পরামর্শে যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে বেতের চেয়ার, ঝুড়ি বানানো শুরু করেন। এ কাজে পরিবারের তিনজন সদস্য তাকে সাহায্য করে এবং সে বেশ সফলতা অর্জন করেছে।

ক. ক্ষুদ্র ও কুটির শিল্পের বিকাশে সরকার কোন সংস্থা গড়ে তুলেছে? ১

খ. কুটির শিল্পকে জাতীয় ঐতিহ্যের প্রতীক বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. মি. মাহবুবের কাজটি কোন ধরনের শিল্প? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. মাহবুবের শিল্পটি কীভাবে বেকার জনগোষ্ঠীকে দরিদ্র ও বেকারত্বের অভিশাপ থেকে মুক্ত করছে বিশ্লেষণ করো। ৪

৫.▶ আবুল কালাম ও আব্দুস সালাম পারস্পরিক সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় শুরু করেন। তারা সবসময়ই এলাকার ভোক্তাদের কোন পণ্য দরকার সে অনুযায়ী পণ্য সংগ্রহে সচেষ্ট থাকেন। এতে তাদের ব্যবসায়ে প্রচুর লাভ হয়। বর্তমানে তাদের ব্যবসায়ের বেশ সুনাম রয়েছে।

ক. প্রাইভেট লিমিটেড কোম্পানির সর্বোচ্চ সদস্য সংখ্যা কত? ১

খ. একমালিকানা ব্যবসায়ে সহজে গোপনীয়তা রক্ষা করা যায় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ব্যবসায়ের ধরনটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ব্যবসায়টির সফলতায় কোন বিষয়টির ভূমিকা সবচেয়ে বেশি তা মূল্যায়ন করো। ৪

৬.▶ এ.বি.সি. টয়লেট্রিজ লি. ভোক্তাদের চাহিদা, ক্রয় ক্ষমতা, রুচি, অভ্যাস ইত্যাদির ওপর সমীক্ষা চালিয়ে তাদের প্রসাধন সামগ্রীর উৎপাদন পরিকল্পনা গ্রহণ করে। ফলে এ বছর তাদের উৎপাদিত প্রসাধন সামগ্রী সম্পূর্ণ বিক্রি হয়ে যায়। প্রসাধন সামগ্রীর মূল্য উৎপাদক ও ভোক্তা উভয়ের নিকট গ্রহণযোগ্য যার ফলে সারা বছরব্যাপী প্রসাধন সামগ্রীর মূল্য স্থিতিশীল ছিল।

ক. সুন্দর হাসি বিক্রয়কর্মীর কোন ধরনের গুণ? ১

খ. বিপণন কীভাবে ব্যবসায়ের অস্তিত্ব রক্ষা করে? ব্যাখ্যা করো। ২

গ. এ.বি.সি. টয়লেট্রিজের ভোক্তাদের ওপর সমীক্ষা চালানো বিপণনের কোন ধরনের কাজ? ব্যাখ্যা করো। ৩

ঘ. "বিপণন উৎপাদক ও ভোক্তা উভয়ের স্বার্থ রক্ষা করে"— উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৭.▶ লোকমান সাহেব পণ্য আমদানি ব্যবসায়ের সাথে জড়িত। পবিত্র রমজানকে সামনে রেখে তিনি ২৫ মেট্রিক টন খেজুর আমদানি করবেন। কিন্তু দেশের চলমান রাজনৈতিক পরিস্থিতির জন্য লোকমান সাহেব উদ্বিগ্ন। তিনি ভাবেন সঠিক সময়ে খেজুর আমদানি না করতে পারলে ব্যবসায় সফল হতে পারবেন না।

ক. সরকারের পৃষ্ঠপোষকতা ব্যবসায়ের কোন পরিবেশের উপাদান? ১

খ. পণ্য বিনিময় বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. লোকমান সাহেব কোন ব্যবসায় পরিবেশের ওপর ভিত্তি করে খেজুর আমদানি করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. দেশের চলমান রাজনৈতিক পরিস্থিতি লোকমান সাহেবের ব্যবসায়ে কীভাবে প্রভাব ফেলতে পারে বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

http://teachingbd.com

৮.▶ আকবর একজন সফল ব্যবসায়ী। অত্যন্ত দরিদ্র অবস্থা ও সামান্য একজন শ্রমিক থেকে তিনি আজ সুপরিচিত এক ব্যক্তিত্ব। এক বন্ধুর নিকট থেকে টাকা ধার করে ৩ জন কর্মচারী রেখে তিনি বেকারি ব্যবসায় শুরু করেন। পণ্যের মান ঠিক রেখে উৎপাদিত পণ্য যথাযথ বিপণন করে তিনি অধিক মুনাফা অর্জন করে। যথার্থ প্রকল্প পরিকল্পনার মাধ্যমে তিনি সফলতা অর্জনে সক্ষম হন।

ক. ব্যবসায়ে আয়-ব্যয় সমান হয় কোন বিন্দুতে? ১
খ. প্রকল্প প্রতিবেদন কী? ব্যাখ্যা করো। ২
গ. আকবর প্রকল্প পরিকল্পনার জন্য কী কী বিষয় পরীক্ষা-নিরীক্ষা করেছে তা চিহ্নিত করো। ৩
ঘ. আকবরের মতো সফল ব্যবসায়ী হতে হলে পরিকল্পনার ভূমিকা মূল্যায়ন করো। ৪

৯.▶ রেদোয়ান একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। তিনি প্রতিষ্ঠানের যেকোনো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেয়ার পূর্বে সকল বিভাগের প্রধানদের সাথে আলোচনায় বসেন এবং তাদের কোনো পরামর্শ থাকলে তা শুনে সিদ্ধান্ত গ্রহণ করেন। প্রতি তিন মাস অন্তর তিনি সমস্ত কর্মীদের অংশগ্রহণে একটি সভার আয়োজন এবং সেখানে তিনি কর্মীদের সাথে সরাসরি যোগাযোগ করে তাদের উৎসাহ প্রদান করেন। তার ব্যক্তিত্ব, প্রজ্ঞা ও দক্ষতা কর্মীদের চোখে তাকে শ্রদ্ধাশীল করে তোলে। যার কারণে তিনি দীর্ঘদিন ধরে সফলভাবে নেতৃত্ব প্রদান করে যাচ্ছেন।

ক. দায়িত্ব ও ক্ষমতা বণ্টনের কাজকে কী বলে? ১
খ. ব্যবস্থাপনায় নেতার পেশাভিত্তিক গুণাবলি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. রেদোয়ানের নেতৃত্বের ধরন ব্যাখ্যা করো। ৩
ঘ. নেতা হিসেবে রেদোয়ানের গুণাবলি বিশ্লেষণ করো। ৪

১০.▶ মি. আকাশ বি.এ পাস করার পর তার এলাকায় কিছু পরিত্যক্ত জলাশয়ে মৎস্য চাষ শুরু করেন। প্রথমে তার খামারের অনেক মাছ মারা যেত, কিন্তু তার কারণ তিনি জানতেন না। পরবর্তীতে প্রশিক্ষণ গ্রহণ করে তিনি এ সমস্যার সমাধান করলেন। তার দেখাদেখি গ্রামের অনেক যুবক এ কাজে আত্মনিয়োগ করল। বর্তমানে তাদের গ্রামে বেকার যুবকের সংখ্যা খুবই কম এবং এটি একটি আদর্শ গ্রামে রূপান্তরিত হয়েছে।

ক. ঝুঁকি আছে জেনেও লাভের আশায় কষ্টসাধ্য কাজে হাত দেয়াকে কী বলে? ১
খ. উদ্যোক্তাকে উদ্ভাবনকারী বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. মি. আকাশের মৎস্য খামার কী ধরনের কাজ? ব্যাখ্যা করো। ৩
ঘ. মি. আকাশের সিদ্ধান্তটি গ্রাম উন্নয়নে কতটুকু সহায়তা করেছে যুক্তি দাও। ৪

১১.▶ বাবু লেখাপড়ার পাশাপাশি একটি ঔষধের দোকানে কাজ করে। নিয়মিত কাজ করার ফলে সে ফার্মেসি ব্যবসায় সম্পর্কে অভিজ্ঞতা অর্জন করে এবং নিজে একটি ফার্মেসি স্থাপন করে। বাবার আদর্শ অনুসারে সে সৎভাবে ব্যবসায় করে এবং কোনো ক্রেতার সাথে প্রতারণা ও মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রি করে না। এছাড়াও সে আত্মবিশ্বাসী ও পরিশ্রমী ছিল। ফলে সে অচিরেই ব্যবসায়ে অধিক মুনাফা অর্জন করে।

ক. কর্মসংস্থান সৃষ্টি ব্যবসায়ের কোন ধরনের দায়িত্ব? ১
খ. সমাজের প্রতি ব্যবসায় দায়িত্ব পালন করে কেন? ব্যাখ্যা করো। ২
গ. বাবুর ফার্মেসি স্থাপনে প্রাধান্য বিস্তারকারী উপাদানটি ব্যাখ্যা করো। ৩
ঘ. বাবুর ব্যবসায়ে অধিক মুনাফা অর্জন করার কারণ বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড : | ১ | ৪ | ৩ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কী করলে ব্যবসায়ের ক্ষতির হাত থেকে রক্ষা করা যায়?**
ক) ঝুঁকি নিরূপণ খ) অধিকার
গ) ম্যানেজার নিয়োগ ঘ) অধিক বিনিয়োগ

**২. সকল শিল্প প্রতিষ্ঠানের মালিককে কী নামে অভিহিত করা যেতে পারে?**
ক) পরিচালক খ) নির্দেশক
গ) ব্যবস্থাপক ঘ) উদ্যোক্তা

**উদ্দীপকটি পড়ো এবং ৩ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. রাফি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি নিয়ে কর্মজীবন শুরু করলেও চাকরির ধরা বাধা নিয়ম-কানুন ভালো না লাগায় তিনি চাকরি ছেড়ে ব্যবসায় শুরু করেন।

**৩ এখানে মি. রাফির কোন বৈশিষ্ট্যটি ফুটে ওঠেছে?**
ক) স্বাধীনচেতা খ) ত্যাগী মনোভাব
গ) সরলতা ঘ) অধ্যবসায়

**৪. একজন সফল উদ্যোক্তা সর্বদা—**
i. ঝুঁকি আগেই নিরূপণ করেন
ii. ঝুঁকি হ্রাসের ব্যবস্থা গ্রহণ করেন
iii. পরিমিত পরিমাণ ঝুঁকি গ্রহণ করেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৫. ব্যবসায়িক নৈতিকতার অপর নাম কী?**
ক) নৈতিক শক্তি খ) নৈতিক মূল্যবোধ
গ) সততাবোধ ঘ) নৈতিক স্খলন

**৬. কৃত্রিম সংকট সৃষ্টি না করা কিসের অন্তর্ভুক্ত?**
ক) সামাজিক আইন খ) ব্যবসায় রীতি
গ) ব্যবসায় নৈতিকতা ঘ) ব্যবসায়িক আইন

**৭. বাংলাদেশে কার্যরত মোবাইল ফোন কোম্পানি কয়টি?**
ক) ৪ খ) ৫
গ) ৬ ঘ) ৭

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব শামীম দীর্ঘদিন বিদেশে ছিলেন। সম্প্রতি দেশে ফিরে অতি স্বল্প সময়ের মধ্যে নিজ এলাকায় আধুনিক সাজে সজ্জিত একটি ফাস্ট ফুডের দোকান দেন। এলাকাটি জনবহুল হলেও অর্থনৈতিকভাবে অনগ্রসর। ফলে তার প্রত্যাশিত মাত্রায় মুনাফা অর্জিত হয় নি।

**৮. জনাব শামীম ব্যবসায় শুরুর পূর্বে কোন দিকটি বিবেচনা করেননি?**
ক) বাজারের আকার খ) পণ্যের চাহিদা
গ) শিক্ষার হার ঘ) পণ্যের মান

**৯. জনাব শামীমের ব্যবসায়ে প্রত্যাশিত সফলতা না আসার কারণ—**
i. ভোক্তার আয় কম
ii. সঠিক পণ্য নির্বাচন না করা
iii. বাজারের আকার ছোট
**নিচের কোনটি সঠিক ?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১০. মূলধন ব্যয় ব্যক্তিক নির্বাচনের কোন উপাদানের উদাহরণ?**
ক) আর্থিক দিক
খ) বাজারজাতকরণ দিক
গ) কারিগরি দিক
ঘ) প্রযুক্তি ও যান্ত্রিক দিক

**১১. ব্যবসায় গঠন ও পরিচালনার মূলভিত্তি কী?**
ক) সংগঠন খ) পরিকল্পনা
গ) সমন্বয়সাধন ঘ) নিয়ন্ত্রণ

**১২. ব্যবস্থাপনা সংগঠনের উপাদান কোনটি?**
ক) ভবিষ্যৎ মূল্যায়ন খ) বিকল্প মূল্যায়ন
গ) কার্য বিভাজন ঘ) মান নির্ধারণ

**১৩. আমেরিকার কত ভাগ ব্যবসায় একমালিকানাভিত্তিক?**
ক) ৭০ খ) ৮০
গ) ৮৫ ঘ) ৯০

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
মিনু মালিবাগের গ্লামার ওয়ার্ল্ড নামক একটি বিউটি পার্লার থেকে প্রশিক্ষণ নিয়ে নিজ এলাকায় ৫,০০,০০০ টাকা বিনিয়োগ করে একটি পার্লার স্থাপন করেন। অল্প সময়ের মধ্যে সে বেশ জনপ্রিয়তা অর্জন করায় বান্ধবী নিলুকে তার ব্যবসায়ের সদস্য হিসেবে নিযুক্ত করেন।

**১৪. বর্তমানে বিউটি পার্লারটি কোন ধরনের সংগঠন?**
ক) একমালিকানা খ) অংশীদারি
গ) প্রাইভেট ঘ) পাবলিক

Teachingbd.com

১৫. নিলুকে তার ব্যবসায়ের সদস্য হিসেবে নিযুক্ত করার যৌক্তিকতা—

i. দক্ষ পরিচালনা
ii. দ্রুত সিদ্ধান্ত গ্রহণ
iii. অধিক মূলধন সংগ্রহ

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৬. অংশীদারি ব্যবসায় পরিচালনায় দিকনির্দেশক হিসেবে কাজ করে কোনটি?

ক সদ্বিশ্বাস খ চুক্তিপত্র
গ সদস্যদের যোগ্যতা ঘ সুসম্পর্ক

১৭. মিডিয়াতে অবদান রয়েছে কোন গ্রুপটির?

ক নাভানা গ্রুপ খ থ্রি-স্টার গ্রুপ
গ স্কয়ার গ্রুপ ঘ বিডি গ্রুপ

১৮. নায়েব আলী বিদেশ থেকে ফেরত আসার পর কোন ধরনের পরিকল্পনা নেন?

ক কৃষিকাজের খ হাঁস পালনের
গ মৎস্য চাষের ঘ গবাদিপশু পালনের

১৯. ব্যবসায় উদ্যোগের ঝুঁকি নিরসনে কোনটি প্রয়োজন?

ক সহায়তা
খ অধিক মুনাফা অর্জন
গ অধিক প্রতিযোগিতা
ঘ উন্নত পণ্য

২০. বণ্টন প্রণালিতে পাইকারের পরে কে অবস্থান করে?

ক উৎপাদক খ প্রতিনিধি
গ ভোক্তা ঘ খুচরা ব্যবসায়ী

২১. ঔষধ কোম্পানি কোন ধরনের বিজ্ঞাপন মাধ্যম ব্যবহার করে?

ক বিজ্ঞাপনী ফলক খ পরিবহন
গ নমুনা ঘ প্রাচীর পত্র

২২. কিসের ওপর ভিত্তি করে পণ্যের মূল্য নির্ধারণ করা হয়?

ক মোড়কিকরণ খ প্রমিতকরণ
গ পর্যায়িতকরণ ঘ বাজার যাচাই

**উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব ইব্রাহিম কুষ্টিয়া সদর হাসপাতালের সামনে একটি ঔষধের ফার্মেসি স্থাপন করলেন। তার ফার্মেসিতে ১২ জন বিক্রয়কর্মী রয়েছে যারা পর্যায়ক্রমে করে দিনে ও রাত্রে কাজ করে।

২৩. জনাব ইব্রাহিমের ফার্মেসিটি কোন ধরনের শিল্প?

ক ঔষধ খ ক্ষুদ্র
গ মাঝারি ঘ বৃহৎ

২৪. শিল্প স্থাপনে জনাব ইব্রাহিমের অন্যতম বিবেচ্য বিষয় কী?

ক অধিকতর কর্মসংস্থান সৃষ্টি
খ সঠিক বাজার তথ্য
গ খণ্ডকালীন বেকারত্ব দূর করা
ঘ ক্ষুদ্র শিল্পের প্রসার

২৫. বুদ্ধিবৃত্তিক সম্পদকে বিবেচনা করা হয়—

i. ব্যবসায় উদ্যোগের গবেষণার ফসল হিসেবে
ii. ব্যবসায়ের অতি মূল্যবান সম্পদ হিসেবে
iii. মালিকের সম্পত্তি হিসেবে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. লেখক ও প্রকাশকের মধ্যে বই মুদ্রণ ও বাজারজাতকরণের জন্য কোন ধরনের চুক্তি হয়?

ক কপিরাইট খ পেটেন্ট
গ ট্রেডমার্ক ঘ ফ্রানসাইজিং

২৭. বিমা চুক্তি যে দলিল দ্বারা সম্পাদিত হয় তাকে কী বলে?

ক বিমা দলিল খ বিমাপত্র
গ বিমা প্রিমিয়াম ঘ বিমা রসিদ

২৮. প্রযুক্তিগত পরিবর্তন ঘটে কোন যুগে?

ক প্রাগৈতিহাসিক খ প্রাচীন
গ মধ্য ঘ আধুনিক

২৯. আত্মকর্মসংস্থান বর্তমানে আমাদের দেশে ব্যাপকভাবে বিস্তৃতি লাভ করছে। এর অন্যতম কারণ—

i. চাকরির ব্যবস্থা করতে না পারা
ii. আত্মমর্যাদা ও প্রভাব বৃদ্ধির জন্য
iii. স্বল্প সময়ে অধিক অর্থ প্রাপ্তির সম্ভাবনা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. আত্মকর্মসংস্থানের ক্ষেত্র নির্ধারণে নির্দিষ্ট প্রশ্নের উত্তর খোঁজার মাধ্যমে কোনটি নির্ধারণের পথ খুঁজে পাওয়া যাবে?

ক সঠিক লক্ষ্য খ মূলধন
গ পণ্য ঘ ঝুঁকি

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ঘ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | খ | ৬ | গ | ৭ | গ | ৮ | খ | ৯ | ক | ১০ | ক | ১১ | খ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | ক |

Teachingbd.com

http://teachingbd.com